গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
ই-মেইল: nbrclassification@gmail.com

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০১২.১৭/৮৭ তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ আমদানিকৃত Hauni Filtromat ও Magomat নামীয় যন্ত্রপাতির শ্রেণীবিন্যাসকরণ ও এইচ.এস কোড নির্ধারণ।**

সূত্র: (১) British American Tobacco, Bangladesh এর আবেদন নং-নাই, তারিখ : ২০/০৮/২০১৯ ও ০৪/০৭/২০১৯ খ্রিঃ
(২) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০১২.১৭/১৬০, তারিখ: ০৪-১০-২০১৭ খ্রিঃ।
(৩) কাস্টম হাউস চট্টগ্রামের পত্র নথি নং-৪১/সেকশন-৫(বি)/ ২০১৭-২০১৮/২৭১১(কাস), তারিখ: ৩০/১০/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আমদানিকারক British American Tobacco, Bangladesh কর্তৃক কাস্টম হাউস, চট্টগ্রামের মাধ্যমে আমদানিকৃত Filtromat ও Magomat নামীয় যন্ত্রপাতি খালাসের লক্ষ্যে দাখিলকৃত বি/ই এর ক্ষেত্রে পণ্যের শ্রেণীবিন্যাস ও এইচ.এস কোড নির্ধারণ সংক্রান্ত জটিলতা সৃষ্টি হলে তা খালাসের লক্ষ্যে সূত্র (১) মাধ্যমের জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন দাখিল করা হয়। বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনাধীন থাকায় পোর্ট ডেমারেজ এড়ানোর স্বার্থে বিরোধীয় রাজস্বের ব্যাংক গ্যারান্টি দাখিলের শর্তে পণ্য চালানটি সাময়িক শুল্কায়নপূর্বক খালাসের বিষয়ে সূত্র (২) এর নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে এ বিষয়ে সংশ্লিষ্ট কাস্টম হাউসের মতামত, আমদানিকারকের বক্তব্য, পণ্যের ক্যাটালগ, Youtube এ উক্ত পণ্যের Video ও সংশ্লিষ্ট বিধিবিধান পর্যালোচনাসহ সিদ্ধান্তগ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্টদের উপস্থিতিতে এ সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।

২। কাস্টম হাউস, চট্টগ্রামের বক্তব্য অনুসারে আমদানিকৃত Filtromat Machine এবং Magomat Machine মূলতঃ Specilized Machinery for Cigarette making industry; আমদানিকৃত Machinery এর মূল উৎপাদনকারী HAUNI KORBER SOLUTION এর Website পর্যালোচনায় দেখা যায় প্রতিষ্ঠানটি Tobacco Processing and Cigarette Production system প্রস্তুতের ক্ষেত্রে একটি শীর্ষস্থানীয় প্রতিষ্ঠান। বিবেচ্য মেশিন দু'টির Tobacco বা Cigarette Industry তে ব্যবহার ব্যতীত ভিন্নতর ব্যবহার নেই। Explanatory Notes এর হেডিং 84.78 এর ব্যাখ্যায় এ জাতীয় Cigar or Cigarette making machinery auxiliary এর ক্ষেত্রে packing machinery fitted থাকা বা না থাকার ক্ষেত্রেও হেডিং 84.78 এর আওতায় শ্রেণীবিন্যাস যোগ্য বিধায় মেশিন দু'টি H.S Code 8478.10.00 এ শ্রেণীবিন্যাস যোগ্য মর্মে উল্লেখ করেন।

৩। অপরদিকে আমদানিকারকের বক্তব্য অনুযায়ী ইতোপূর্বে আমদানির সময় মেশিন দু'টির H.S Code 8479.89.00 ঘোষণা করলেও মেশিন দুটির একক ব্যবহার বিবেচনায় Filtromat Machine কে H.S Code 8422.30.00 এ এবং Magomat Machine কে H.S Code 8428.90.00 এ শুল্কায়ন করা যুক্তিযুক্ত। কেননা Filtromat Machine হলো 'a filter feed station used to place cigarettes, filter rods, or cigarette tubes in to trays or dispatch cartons.' এটি tray filler machine হিসেবে H.S Code 8422.30.00 এ শুল্কায়নযোগ্য। Magomat Machine হলো 'tray discharger or unloader machine is used to transport and empty the filled trays into the hopper of a cigarette making machine. It incorporates a lifting mechanism to transport filled trays.' এটি tray discharger or unloader machine হিসেবে H.S Code 8428.90.00 এ শুল্কায়নযোগ্য। বক্তব্যের সমর্থনে তারা CustomsMobile নামের একটি Mobile Application হতে USA তে ১৯৯২ সালে প্রদত্ত একটি রুলিং এর কপি দাখিল করেন। Primary Manufacturing Department (PMD) তে উৎপাদিত তামাক এবং Filter Manufacturing Department (FMD) তে প্রস্তুতকৃত ফিল্টার The Magomats এবং Filtromat এর মাধ্যমে Secondary Manufacturing Department (SMD) প্রেরণ করে একত্রিত করে সিগারেট প্রস্তুত করা হয়।

৪। আমদানিকারক এবং কাস্টম হাউসের বক্তব্যের প্রেক্ষিতে আলোচ্য পণ্যদুটোর যথাযথ শ্রেণীবিন্যাসের লক্ষ্যে সম্ভাব্য H.S Heading সমূহের Explanatory Notes এর ব্যাখ্যা পর্যালোচনা করে দেখা যায় যে, Chapter 84 এর অন্তর্ভুক্ত হেডিং 84.78 এর ক্ষেত্রে "This heading covers machinery, not specified or included elsewhere in this Chapter, for preparing or making up tobacco. The heading includes: (1) Tobacco leaf stripping or cutting machines. (2) Cigar or cigarette-making machines, whether or not equipped with an auxiliary packaging device." অর্থাৎ Cigar or cigarette-making machines মর্মে উল্লেখ রয়েছে। এছাড়া হেডিং 84.22 এর ব্যাখ্যানুযায়ী "The heading also covers machines of different types designed for cleaning or drying bottles or other containers, for filling or closing such containers (including machines for aerating beverages) and, generally, for packing (including heat-shrink wrapping) goods for sale, transport or storage। এ ক্ষেত্রে The Magomat এবং Filtromat মেশিন সিগারেট তৈরির প্রক্রিয়ার একটি অংশ এবং এর মাধ্যমে filling or closing or packing এর কোন কার্যক্রম সম্পাদন করা হয় না। তাই মেশিন দুটির কোনটিই হেডিং 84.22 আওতায় শ্রেণীবিন্যাসের সুযোগ নেই।

৫। কিন্তু হেডিং 84.28 এর ব্যাখ্যায় বলা হয়েছে ".... this heading covers a wide range of machinery for the mechanical handling of materials, goods, etc. (lifting, conveying, loading, unloading, etc.). They remain here even if specialized for a particular industry, for agriculture, metallurgy, etc. This heading is not limited to lifting or handling equipment for solid materials but also includes such machinery for liquids or gases. But the heading excludes liquid elevators of the type falling in heading 84.13, and floating docks, coffer-dams and similar marine lifting and re-floating appliances operating solely by hydrostatic buoyancy (heading 89.05 or 89.07)। অর্থাৎ কোন নির্দিষ্ট শিল্পের জন্য ব্যবহৃত lifting, conveying, loading, unloading, প্রভৃতি মেশিনও এ হেডিং এ শ্রেণীবিন্যস্ত হবে। এখানে আরো উল্লেখ রয়েছে যে "They remain here even if specialized for a particular industry, for agriculture, metallurgy, etc."।

৬। উপর্যুক্ত পর্যালোচনা অনুযায়ী, যেহেতু Magomat এবং Filtromat মেশিন Primary Manufacturing Department (PMD) তে উৎপাদিত তামাক এবং Filter Manufacturing Department (FMD) তে প্রস্তুতকৃত ফিল্টার Secondary Manufacturing Department (SMD) তে প্রেরণ (lifting, conveying, loading) করে থাকে তাই বিবেচ্য পণ্যদুটি হেডিং 84.28 এর Explanatory Notes এর ব্যাখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ।

৭। এমতাবস্থায়, General Rules for Interpretative of the Harmonized System (GIR) এর অনুচ্ছেদ 3(a) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী মেশিন দুটি Bangladesh Customs Tariff এর হেডিং 84.28 এর আওতায় H.S Code 8428.90.00 এ শ্রেণীবিন্যাসযোগ্য। সে আলোকে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-স্বাক্ষরিত-
২৭/০৭/১৭
(মোঃ জাহাঙ্গীর আলম)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

প্রাপক :
কমিশনার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০১২.১৭/৮৭ (২৯)　　　　　　　　　　　　তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৫। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

৬-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/(পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা {Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো}

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৭। Company Secretary, British American Tobacco, New D.O.H.S. Road, Mohakhali. Dhaka, Bangladesh.

২৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৯/০৯/১৯

(মোঃ জাহাঙ্গীর আলম)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং